নির্বাচন অগ্রাধিকার
**অতীব জরুরি**

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৭৯.৩৯.০০১.২২-৬৫৬

তারিখ: ২১ আশ্বিন ১৪২৯ / ০৬ অক্টোবর ২০২২

## পরিপত্র-৫

**বিষয় : জেলা পরিষদ নির্বাচন উপলক্ষে আচরণবিধি প্রতিপালন ও পোলিং এজেন্ট নিয়োগ এবং অন্যান্য কার্যক্রম গ্রহণ প্রসঙ্গে**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, জেলা পরিষদ নির্বাচন উপলক্ষে ইতোমধ্যে পরিপত্র ১-৪ এবং বিভিন্ন নির্দেশনা জারি করা হয়েছে। আগামী ১৭ অক্টোবর ২০২২ তারিখে অনুষ্ঠিতব্য নির্বাচন উপলক্ষে আরও কতিপয় বিষয়ে নির্দেশনা প্রদানের জন্য মাননীয় নির্বাচন কমিশন সিদ্ধান্ত প্রদান করেছেন।

**(১) সরকারী সুবিধাভোগী অতি গুরুত্বপূর্ণ ব্যক্তি নির্বাচনি প্রচারণায় বা নির্বাচনি কার্যক্রমে অংশগ্রহণ:** জেলা পরিষদ (নির্বাচন আচরণ) বিধিমালা, ২০১৬ অনুসারে নির্বাচনি প্রচার প্রচারণা ও নির্বাচনি কার্যক্রমে বিভিন্ন বিধান প্রতিপালন করা অত্যন্ত জরুরী। উক্ত বিধিমালার বিধি ২২ অনুযায়ী সরকারের মন্ত্রী, প্রতিমন্ত্রী, উপমন্ত্রী ও সমপদমর্যাদা সম্পন্ন ব্যক্তিবর্গ, সংসদ সদস্য, সিটি কর্পোরেশনের মেয়রগণ নির্বাচনপূর্ব সময়ে নির্বাচনি এলাকায় প্রচারণায় বা নির্বাচনি কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবেন না। তাছাড়া উক্ত বিধিমালা অনুসারে সরকারী কর্মকর্তা বা কর্মচারীগণও নির্বাচনি প্রচারণায় বা নির্বাচনি কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবেন না। তবে জেলা পরিষদ নির্বাচনে ভোটার হলে ভোটের দিন ভোট প্রদানের জন্য ভোটকেন্দ্রে যেতে পারবেন। জেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৬ এর বিধি কিন্তু সম্প্রতি লক্ষ্য করা গেছে যে, জেলা পরিষদ নির্বাচনে মাননীয় সংসদ সদস্যগণ বা আচরণবিধিতে উল্লিখিত সরকারী সুবিধাভোগী অতি গুরুত্বপূর্ণ ব্যক্তি নির্বাচনি প্রচারণায় বা নির্বাচনি কার্যক্রমে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে অংশগ্রহণ করছেন অথবা উক্তরূপ নির্বাচনি প্রচারণায় অংশগ্রহণের অভিযোগ পাওয়া যাচ্ছে বা বিভিন্ন প্রিন্ট/ইলেকট্রনিক মিডিয়া ও সোস্যাল মিডিয়ায় সংবাদ প্রকাশিত হচ্ছে। আচরণবিধি পরিপন্থি উক্তরূপ কার্যক্রম সংঘটিত হলে রিটার্নিং অফিসার তাৎক্ষণিকভাবে দায়িত্বপ্রাপ্ত এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটকে অবহিত করে ব্যবস্থা গ্রহণ করবেন। পুলিশ সুপার এ বিষয়ে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবেন। সহকারী রিটার্নিং অফিসার উক্তরূপ কার্যক্রম সংঘটনের কোনরূপ তথ্য পেলে দায়িত্বপ্রাপ্ত এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণকে তাৎক্ষণিকভাবে অবহিত করে কার্যকর ব্যবস্থা গ্রহণ করবেন।

**(২) নির্বাচনি এলাকায় রাজনৈতিক কর্মসূচী:** সম্প্রতি এটিও লক্ষ্য করা যাচ্ছে যে, সরকারের মন্ত্রী, প্রতিমন্ত্রী, উপমন্ত্রী ও সমপদমর্যাদা সম্পন্ন ব্যক্তিবর্গ, সংসদ সদস্য বা অনুরূপ পদধারী সরকারী সুবিধাভোগী অতি গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গ বিভিন্ন রাজনৈতিক কর্মসূচী বা উন্নয়ন কার্যক্রম পর্যবেক্ষণের লক্ষ্যে জেলা পরিষদ নির্বাচন সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় গমন করে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে নির্বাচনি প্রচার প্রচারণা ও নির্বাচনি কার্যক্রমে অংশগ্রহণ করছেন। উক্তরূপ সকল প্রকার কর্মসূচী থেকে বিরত থাকার জন্য এবং জেলা পরিষদ নির্বাচনকালীন সময়ে উক্তরূপ কর্মসূচী বাস্তবায়ন সংক্রান্ত ভ্রমণসূচী বাতিল করার জন্য রিটার্নিং অফিসার নির্দেশনা প্রদান করবেন।

**(৩) পোলিং এজেন্ট নিয়োগ:** জেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৬ এর বিধি ২৫ এর আলোকে জেলা পরিষদ নির্বাচন উপলক্ষে ০৩ অক্টোবর ২০২২ তারিখে জারীকৃত পরিপত্র-৩ এর নির্দেশনা অনুসারে পোলিং এজেন্ট নিয়োগ করতে হবে। তবে কোনভাবেই জেলা পরিষদ আইন, ২০০০ এর ধারা ১৭ ও জেলা পরিষদ (নির্বাচন আচরণ) বিধিমালা, ২০১৬ এর বিধি ৪ এ উল্লিখিত নির্বাচক মন্ডলীর তালিকাভুক্ত হতে কেউ পোলিং এজেন্ট নিযুক্ত হতে পারবেন না।

G:\Circular\Zilla Parishad Circular\ZP_PORIPATRA-5-2022.doc


অফিসের ঠিকানাঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

বিষয়টি সংশ্লিষ্ট প্রতিদ্বন্দ্বী প্রার্থী, নির্বাচনি এজেন্ট ও নির্বাচক মন্ডলীর তালিকাভুক্ত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সদস্য, উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান, সিটি কর্পোরেশন ও পৌরসভার মেয়র, কাউন্সিলর ও অন্যান্যদের জানিয়ে দিতে হবে।

৬/১০/২০২২

**( মোঃ আতিয়ার রহমান )**
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ০২-৫৫০০৭৫২৫
E-mail: ecsemc2@gmail.con

বিতরণ:

১। জেলা প্রশাসক, ............................ (সংশ্লিষ্ট) ও রিটার্নিং অফিসার
২। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম ও রিটার্নিং অফিসার
৩। সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, ...........(সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
৪। অতিরিক্ত জেলা নির্বাচন অফিসার (সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
৫। উপজেলা নির্বাহী অফিসার, ........................................... (সংশ্লিষ্ট)
৬। উপজেলা/থানা নির্বাচন অফিসার, ............... (সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
৭। উপজেলা/থানা নির্বাচন অফিসার, ................................. (সংশ্লিষ্ট)

নং-১৭.০০.০০০০.০৭৯.৩৯.০০১.২২-৬৫৬

তারিখ: ২১ আশ্বিন ১৪২৯ / ০৬ অক্টোবর ২০২২

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
৪. সিনিয়র সচিব, ............................ (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. সিনিয়র সচিব, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা
৬. সচিব, ............................ (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৮. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)/কোস্টগার্ড, ঢাকা
৯. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১০. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১১. বিভাগীয় কমিশনার, ............................ (সকল) বিভাগ
১২. অতিরিক্ত বিভাগীয় কমিশনার............................ (সংশ্লিষ্ট) ও আপিল কর্তৃপক্ষ
১৩. পুলিশ কমিশনার, ............................ (সংশ্লিষ্ট)
১৪. মহাপরিচালক (সিআইবি), বাংলাদেশ ব্যাংক, ঢাকা
১৫. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৬. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৭. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৮. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [উক্ত বিষয়ে একটি সংবাদ বিজ্ঞপ্তি জারি করিবার জন্য অনুরোধ করা হইল]
১৯. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ............................ (সকল)
২০. পুলিশ সুপার, ............................ (সংশ্লিষ্ট)
২১. উপসচিব (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

২২. জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি, ............................ (সংশ্লিষ্ট)

২৩. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)

২৪. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ............................ এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)

২৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয় এর সদয় অবগতির জন্য)

২৬. অফিসার-ইন-চার্জ, ........................................... (সংশ্লিষ্ট) থানা।


( মোহাম্মদ আশফাকুর রহমান )
সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-২
ফোন: ০২-৫৫০০৭৫৫৯
Email: ecsemc2@gmail.com


G:\Circular\Zilla Parishad Circular\ZP_PORIPATRA-5-2022.doc